

১৩৯

জীবনে যত পূজা  
হ'ল না সারা,  
জানি হে জানি তাও  
হয়নি সারা ।

যে ফুল না ফুটিতে  
ঝরেছে ধরণীতে,  
যে নদী মরুপথে  
হারালো ধারা  
জানি হে জানি তাও  
হয়নি হারা ।

## গীতাঞ্জলি

জীবনে আজো যাহা  
রয়েছে পিছে,  
জানি হে জানি তাও  
হয়নি মিছে ।

আমার অনাগত,  
আমার অনাহত  
তোমার বীণা-তারে  
বাজিছে তা'রা,  
জানি হে জানি তাও  
হয়নি হারা ॥

২৩শে শ্রাবণ, ১৩১৭ ।